# প্রসবজনিত ফিস্টুলা অপারেশন পরবর্তী করণীয়

- অপারেশনের পর ৪৮ ঘন্টা পর্যন্ত রোগীকে শুইয়ে রাখতে হবে। ৪৮ ঘন্টা পর হাঁটাতে হবে। খেয়াল রাখতে হবে যেন Uro ব্যাগ অবশ্যই খালি অবস্থায় থাকে এবং ক্যাথেটারে কোন অবস্থাতেই টান না লাগে
- স্বাভাবিক অবস্থায় ২৪ ঘন্টায় ১১/২-২ লিটার প্রস্রাব হওয়া স্বাভাবিক। প্রস্রাব ৬০০-৮০০ মি.লি. হলে Uro ব্যাগ খালি করতে হবে। Uro ব্যাগ কখনোই পূর্ণ করা যাবে না
- Uro ব্যাগ-এর Drainage ঠিক রাখতে হবে। রক্ত জমাট বেধে বা অন্য কোনো কারণে যেন ক্যাথেটার কোনভাবে বন্ধ না হয় সেদিকে খেয়াল রাখতে হবে
- রক্তমিশ্রিত প্রস্রাব হলে ক্যাথেটার বদল করতে হবে বা স্যালাইন পানি দিয়ে Bladder Wash দিতে হবে
- ক্যাথেটার ২১ দিন রাখতে হবে। ২১ দিন পর ডাই পরীক্ষা পজিটিভ হলে ক্যাথেটার আরও ২-৩ সপ্তাহ রাখতে হবে
- যোনীপথের ক্ষত, পেটের ক্ষত এবং Operation Site-এর Drainage সঠিকভাবে আছে কিনা তা দেখতে হবে
- Vulva পরিস্কার রাখতে হবে
- ক্ষতস্থান পরীক্ষা করে যোনীপথে Pack সঠিকভাবে আছে কিনা দেখতে হবে। অপারেশনের ২৪ ঘন্টা পর যোনীপথের Pack অপসারণ করতে হবে এবং প্রয়োজনে আবার Pack দিতে হবে।
- ক্ষতস্থানের প্রাথমিক রক্তক্ষরণের পরিমাণ দেখতে হবে। রক্তক্ষরণের পরিমাণ বেশি হলে ডাক্তারের সাথে যোগাযোগ করতে হবে
- কোষ্ঠকাঠিন্য না হওয়ার জন্য ব্যবস্থা নিতে হবে। প্রয়োজনে গ্লিসারিন Suppository দিতে হবে; কিন্তু Enema দেয়া যাবে না
- VVF অপারেশনের ৪৮ ঘন্টা পর রোগীকে সাধারণ খাবার খেতে দিতে হবে
- RVF অপারেশন হলে এক সপ্তাহ পর্যন্ত মুখে কোনো খাবার খেতে দেয়া যাবে না। তবে ৪৮ ঘন্টা পর থেকে শুধুমাত্র পানি জাতীয় খাবার দেয়া যাবে

- হাসপাতাল ছেড়ে যাওয়ার সময় রোগীকে
  - পেলভিক ফ্লোরের ব্যায়াম শিখিয়ে দিতে হবে
  - পরিবার পরিকল্পনার প্রয়োজনীয় কাউন্সেলিং করতে হবে/ব্যবস্থা দিতে হবে
  - জানাতে হবে যে,
    - পরবর্তী সন্তান নিলে অবশ্যই গর্ভকালীন সকল চেক-আপ করতে হবে
    - পরবর্তী বাচ্চা অবশ্যই হাসপাতালে হতে হবে। প্রয়োজন হলে সিজারিয়ান সেকশন করতে হবে।

USAID FROM THE AMERICAN PEOPLE
EngenderHealth for a better life
Fistula Care